# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 20 April, 2025

বাগেরহাটের সুন্দরবনের দস্যু করিম শরীফ বাহিনীর ২ সদস্য আটক করেছে কোস্ট গার্ড পশ্চিম জোন, মোংলা।আটককৃতদের হেফাজতে থাকা ১টি একনলা বন্দুক, ২ রাউন্ড তাজা কার্তুজ এবং ১ রাউন্ড ফাঁকা কার্তুজ জব্দ করা হয়।এছাড়া করিম বাহিনী কর্তৃক অপহৃত দুই জেলেকে উদ্ধার করেছে কোস্ট গার্ডের সদস্যরা।রবিবার (২০ এপ্রিল) রাতে কোস্ট গার্ড মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সিয়াম-উল-হক এসব তথ্য জানান।

আটককৃতরা হলেন,  খুলনা জেলার দাকোপ থানার বাসিন্দা মোঃ শাজাহান মোল্লা (৪৮) এবং বাগেরহাট জেলার মোংলা থানার বাসিন্দা মোঃ সুমন হাওলাদার (৩০)।

উদ্ধার জেলেরা হলেন,  খুলনা জেলার পাইকগাছা উপজেলার বাসিন্দা আজিজুল শেখ (৫৫) এবং আলম গাজী (৩৭)।

কোস্ট গার্ড মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সিয়াম-উল-হক বলেন, শনিবার (১৯ এপ্রিল) রাত ১১ টায় কোস্ট গার্ড এবং পুলিশের সমন্বয়ে যৌথ অভিযান চালিয়ে পরিচালনা করে সুন্দরবন সংলগ্ন কামারখোলা এলাকা থেকে ১টি একনলা বন্দুক, ২ রাউন্ড তাজা কার্তুজ এবং ১ রাউন্ড ফাঁকা কার্তুজসহ মোঃ শাজাহান মোল্লা (৪৮) কে আটক করা হয়।

এদিন রাত ৩টায় সুন্দরবন সংলগ্ন নলিয়ান ঠাকুরবাড়ি খেয়া ঘাট এলাকা মোঃ সুমন হাওলাদার (৩০) কে আটক করা হয়। জিজ্ঞাসাবাদে  জানা যায়, আটককৃতরা দীর্ঘদিন ধরে দস্যু করিম শরীফের সঙ্গে ডাকাতি এবং ডাকাত দলকে অস্ত্র, গোলাবারুদ ও রসদ সরবরাহ করে আসছে।

অপর দিকে রবিবার ( ২০ এপ্রিল) ভোরে ৫ টায় সুন্দরবনের আড়শিবসা নদী সংলগ্ন এলাকা

হতে  করিম শরীফ বাহিনীর নিকট জিম্মি থাকা ০২ জেলেকে উদ্ধার করা হয়েছে।উদ্ধারকৃত জেলেরা গত ৮ এপ্রিল থেকে করিম শরীফ বাহিনীর কাছে জিম্মি ছিলেন।

তিনি আরও বলেন, উদ্ধারকৃত অবৈধ অস্ত্র ও গোলাবারুদসহ আটককৃত ব্যক্তির বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য দাকোপ থানায় হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে এবং উদ্ধারকৃত জেলেদের পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

সুন্দরবন জিম্মি আটক উদ্ধার কোস্ট গার্ড দস্যু

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:56

URL: https://www.timestodaybd.com/khulna/7758071153